



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
গাজীপুর-১৭০৫। ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-বাউবি/এসএসএস/এমবিএ(বাংলা)/ EPlat-০১

তারিখ : ১৪-০৯-২০২০

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/
রংপুর/বগুড়া/রাজশাহী/ফরিদপুর/যশোর/খুলনা।

বিষয় : এমবিএ (বাংলা) প্রোগ্রামের শিক্ষার্থীদের E-Platform এর উপর প্রশিক্ষণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MBA (বাংলা) প্রোগ্রামের নতুন সেমিস্টারের ক্লাস ১৮ সেপ্টেম্বর, ২০২০ থেকে শুরু হতে যাচ্ছে। ক্লাসগুলো সম্পূর্ণ নতুন E-Platform এ নেওয়া হবে। সে লক্ষ্যে ১৭/০৯/২০২০ সন্ধ্যা ৭:০০ টায় প্রোগ্রামের সকল শিক্ষার্থীদের নতুন E-Platform এর ওপর প্রশিক্ষণ দেয়া হবে। আগ্রহী শিক্ষার্থীদের নিম্নে বর্ণিত লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এছাড়া উক্ত প্রশিক্ষণ কর্মশালাটি ফেইসবুক এবং ইউটিউব এর মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে। এ প্রশিক্ষণটি শিক্ষার্থীদের জন্য অত্যাবশ্যিক। কারণ নতুন এ Platform এ শিক্ষার্থীদের ক্লাসের পাশাপাশি পরীক্ষাও গ্রহণ করা হবে।

সুতরাং এ সম্পর্কে শিক্ষার্থীদের যথার্থ জ্ঞান থাকা প্রয়োজন। এ বিষয়ে আপনার আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগ করে প্রশিক্ষণের সময় ও রেজিস্ট্রেশনের প্রক্রিয়া সম্পর্কে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করছি।

রেজিস্ট্রেশনের জন্য লিংকটিতে ক্লিক করুন: <https://forms.gle/4Pf9rThy99BqaoqRA>

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. ডীন, ওপেন স্কুল, বাউবি।
২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
৩. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি